


RHD ROAD NETWORK



শহীদ শেখ ফজলুল হক মনি সেতু

শুভ উদ্বোধন

সড়ক ও জনপথ অধিদপ্তর
সড়ক বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয়



প্রত্যাশিত আর্থ-সামাজিক উন্নয়নের অনুকূল টেকসই, নিরাপদ ও মানসম্মত সড়ক অবকাঠামো এবং সমন্বিত আধুনিক গণপরিবহন ব্যবস্থা গড়ে তোলার লক্ষ্যে যোগাযোগ মন্ত্রণালয়ের সড়ক বিভাগ নিরলস কাজ করে যাচ্ছে। সরকারের একটি অন্যতম প্রধান সেবা প্রদানকারী সংস্থা হিসেবে সড়ক বিভাগের আওতাধীন সড়ক ও জনপথ (সওজ) অধিদপ্তর সমগ্র দেশে জাতীয় মহাসড়ক, আঞ্চলিক মহাসড়ক এবং জেলা সড়কের সমন্বয়ে একটি ব্যাপক, ব্যয়সাশ্রয়ী, পরিবেশবান্ধব ও নিরাপদ সড়ক নেটওয়ার্ক নির্মাণ এবং রক্ষণাবেক্ষণে মুখ্য ভূমিকা পালন করে আসছে।

টগড়া-ইন্দুরকানী-বালিপাড়া-কলারন-সন্ন্যাসী সড়কটি একটি জেলা সড়ক। সড়কটির ২য় কিলোমিটারে ইন্দুরকানী নামক স্থানে বলেশ্বর নদী থাকায় ইন্দুরকানী উপজেলার অধিকাংশ জনগণ পিরোজপুর জেলা থেকে বিচ্ছিন্ন ছিল। বর্তমান সরকার বলেশ্বর নদীর উপর ৩৮৭.৩১ মিটার দীর্ঘ শহীদ শেখ ফজলুল হক মনি সেতুটির নির্মাণ কাজ সমাপ্ত করেছে। সেতুটি যানচলাচলের জন্য উন্মুক্ত করার সাথে সাথে ইন্দুরকানী উপজেলার সাথে একদিকে পিরোজপুর, বাগেরহাট, খুলনা ও গোপালগঞ্জের নিরবচ্ছিন্ন সড়ক যোগাযোগ স্থাপিত হবে এবং অন্যদিকে চরখালী ফেরী হয়ে ঝালকাঠী ও বরিশালের সাথে সড়ক যোগাযোগ ব্যবস্থা সহজতর হবে।

শহীদ শেখ ফজলুল হক মনি সেতুটি নির্মাণের ফলে ইন্দুরকানী উপজেলার সন্ন্যাসী, কলারন এবং বালিপাড়ার মত প্রত্যন্ত গ্রাম এলাকার উৎপাদিত কৃষিপণ্য ও মৎস্যসম্পদ সড়কপথে ঢাকাসহ দেশের বিভিন্ন এলাকায় পরিবহন ও বাজারজাতকরণ সহজ হবে। ফলে সেতুটি এ এলাকার জনগণের জীবন-যাত্রার মান উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।



বলেশ্বর নদীর উপর শহীদ শেখ ফজলুল হক মনি সেতু



বলেশ্বর নদীর উপর টগড়া ফেরীঘাটে চলমান ফেরী



শহীদ শেখ ফজলুল হক মনি সেতুর এ্যাপ্রোচ সড়কের নির্মাণ কাজ



শহীদ শেখ ফজলুল হক মনি সেতুর এ্যাপ্রোচ সড়ক

প্রকল্পের নাম	ঃ টগড়া-ইন্দুরকানী-বালিপাড়া-কলারন-সন্ন্যাসী সড়কের ২য় কিলোমিটারে বলেশ্বর নদীর উপর ৩৮৭.৩১ মিটার দীর্ঘ ইন্দুরকানী সেতু নির্মাণ
সেতুর নাম	ঃ শহীদ শেখ ফজলুল হক মনি সেতু
প্রকল্প বাস্তবায়নকারী	ঃ সড়ক ও জনপথ অধিদপ্তর
প্রকল্প ব্যয়	ঃ ৩৬১৬.৪৫ লক্ষ টাকা
অর্থায়ন	ঃ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নির্মাতা প্রতিষ্ঠান	ঃ ইসি-এমকো ইঞ্জিনিয়ারিং সার্ভিসেস (জেডি) এবং মেসার্স সুভাষ এন্টারপ্রাইজ
সেতুর ধরণ	ঃ প্রি-স্ট্রেসড কনক্রিট গার্ডার সেতু
স্প্যান সংখ্যা	ঃ ০৮
সেতুর দৈর্ঘ্য	ঃ ৩৮৭.৩১ মিটার
গার্ডার সংখ্যা	ঃ প্রতি স্প্যানে ৫টি করে মোট ৪০টি
সেতুর প্রস্থ	ঃ ১০.০০ মিটার
ক্যারেজওয়ের প্রস্থ	ঃ ৭.৫০ মিটার
ফুটপাথের প্রস্থ	ঃ ২x১.২৫ মিটার
পিয়ার সংখ্যা	ঃ ০৭
এ্যাভার্টমেন্ট সংখ্যা	ঃ ০২
ফাউন্ডেশনের ধরণ	ঃ কাস্ট-ইন-সিটু আরসিসি পাইল
ডেক স্লাবের ধরণ	ঃ আরসিসি
গার্ডারের দৈর্ঘ্য	ঃ ৪৮.০৯৫ মিটার ও ৪৮.৫২ মিটার
কাজ সমাপ্তি	ঃ ২৮ ফেব্রুয়ারি ২০১৩ খ্রিস্টাব্দ
নেভিগেশন ক্লিয়ারেন্স	ঃ ভার্টিকেল - ৭.৬২ মিটার হরাইজন্টাল - ৪৬.৫২ মিটার
এ্যাপ্রোচ সড়ক	
দৈর্ঘ্য	ঃ ২.৬৫ কিলোমিটার (উভয় প্রান্ত)
বক্স কালভার্টের সংখ্যা	ঃ ০৩
সেতুর সংখ্যা	ঃ ০১ (দৈর্ঘ্য = ৩০.৫০ মিটার)